

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৮-১২৯

তারিখ- ০৫.০৪.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ অসিম সরকার (১৩৬০৮৬), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়ার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ অসিম সরকার (১৩৬০৮৬), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়া ১৯/০৮/২০১৭ খ্রিঃ হতে ২৪/০৮/২০১৭ খ্রিঃ পর্যন্ত পারিবারিক কারণে নৈমিত্তিক ছুটি ভোগের নিমিত্ত কর্মস্থল ত্যাগ করে গত ২৬/০৮/২০১৭ খ্রিঃ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মোঃ মিরাজুদ্দীন সরকার)
সচিব


ডাঃ অসিম সরকার (১৩৬০৮৬)
মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, এ্যানেসথেসিয়া পদের বিপরীতে)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়া।
(স্থায়ী ঠিকানাঃ পিতা-গুনাহারী সরকার, গ্রাম+পোঃ প্রোসাদপুর, উপজেলা-মানদা, জেলা-নওগাঁ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৮-১২৯/৩(৬)

তারিখ- ০৫.০৪.২০১৮ খ্রিঃ


অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ, খুলনা।
- ৪। সিভিল সার্জন, কুষ্টিয়া।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(শামীমা নাসরিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ অসিম সরকার (১৩৬০৮৬), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়া ১৯/০৮/২০১৭ খ্রিঃ হতে ২৪/০৮/২০১৭ খ্রিঃ পর্যন্ত পারিবারিক কারণে নৈমিত্তিক ছুটি ভোগের নিমিত্ত কর্মস্থল ত্যাগ করে গত ২৬/০৮/২০১৭ খ্রিঃ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত আছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিবিফুল হোসেন)
সচিব

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৮-১৩০

তারিখ- ০৫.০৪.২০১৮ খ্রি

বিষয়ঃ ডাঃ শিশির চন্দ্র মন্ডল (১২১৯৫৫), মেডিকেল অফিসার, আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, রাইজের, মাদারীপুরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শিশির চন্দ্র মন্ডল (১২১৯৫৫), মেডিকেল অফিসার, আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, রাইজের, মাদারীপুর গত ২৮/০৪/২০১৭ খ্রিঃ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দস্ত প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মেডিকেল অফিসার, আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র)
স্বাক্ষর

ডাঃ শিশির চন্দ্র মন্ডল (১২১৯৫৫)

মেডিকেল অফিসার

আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, রাইজের, মাদারীপুর।


(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-বড়াইলবাড়ী, পোঃ পেয়ারপুর, উপজেলা-মাদারীপুর, জেলা-মাদারীপুর)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৮-১৩০/মড

প্রনালিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

তারিখ- ০৫.০৪.২০১৮ খ্রি

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ, ঢাকা।
৪. সিভিল সার্জন, মাদারীপুর।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাইজের, মাদারীপুর।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



(শামীমা নাসরিন)

উপসচিব

ফোনঃ ৯১৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ শিশির চন্দ্র মন্ডল (১২১৯৫৫), মেডিকেল অফিসার, আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, রাজৈর, মাদারীপুর গত ২৮/০৪/২০১৭ খ্রিঃ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত আছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব

একই স্মারক ও তারিখের শৃঙ্খলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

পার-১ অধিশাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৪২.০১৩.০০.০০.০১২.২০১৭-২৬৬

তারিখঃ ০৮.০৪.২০১৮খ্রিঃ।

প্রজ্ঞাপন

ডাঃ সুনীল কুমার সিকদার (৩৫১৮৯), সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর-কে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৪ ধারা মোতাবেক ১৪.০১.২০১৮ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে অবসর প্রদান এবং তাঁর অনুকূলে ১৫.০১.২০১৮ খ্রিঃ হতে ১৪.০১.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) এবং তাঁর অর্জিত ছুটির প্রাপ্যতা অনুযায়ী ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট মঞ্জুর করা হলো।

২। তিনি অর্থ বিভাগ হতে জারীকৃত নির্দেশনা অনুযায়ী লাম্পগ্রান্টসহ অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মইনউদ্দিন আহমদ)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৪

[Email:dsper1@mohfw.gov.bd](mailto:dsper1@mohfw.gov.bd)

তারিখঃ ০৮.০৪.২০১৮খ্রিঃ।

নং-৪৫.১৪২.০১৩.০০.০০.০১২.২০১৭-২৬৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. অধ্যক্ষ/পরিচালক, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর।
৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। তাঁকে প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.....
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....
৯. ডাঃ সুনীল কুমার সিকদার (৩৫১৮৯), সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর।

(মইনউদ্দিন আহমদ)

যুগ্মসচিব